# 221935 - এক ময়েে ভুল করে পানি পান করার পর তার মা তাকে বলল- ‘তোমার রোজো ভঙ্গেগে গছে’; তাই সে রোজো ভঙ্গেগে ফলেে পরবর্তীতে সে রোজাটরি কাযা করছে; এমতাবস্থায় তার উপর কি কিছু বর্তাবে?

প্রশ্ন

প্রশ্ন: সেহেরি খাওয়ার পর আমি ঘুমিয়ে ছিলাম। এর মধ্যে আমি দুঃস্বপ্ন দেখে চিৎকার করে জেগে উঠি। আমার মা কিছু পানি নিয়ে এলে আমি পানি পান করি। কিন্তু আমি ভুলে গিয়েছিলাম যে, ‘আমি রোজাদার’। এরপর আবার ঘুমালাম। যখন জাগলাম তখন আমি রোজো পূর্ণ করতে চাইলাম। কিন্তু আমার মা বললেন: তুমি যখন পানি পান করছে তখন তোমার রোজো ভেঙ্গে গেছে এবং তিনি আমাকে রোজো ভাঙ্গালেন। এমতাবস্থায়, এ রোজো ভাঙ্গাটি কি ইচ্ছাকৃত রোজো ভাঙ্গা হিসেবে গণ্য হবে? উল্লেখ্য পরবর্তীতে আমি এ রোজাটি কাযা করেছি। আমি কাফফারার বিষয়ে জানতে চাই। কারণ আমি মেয়ে মানুষ। আমার পিতাই আমার অভিভাবক। আমি বয়সে ছোট। এমতাবস্থায় আমি কি করব?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

এক:

যদি কোন রোজাদার ভুলে গিয়ে রমজানের দিনের বেলায় পানাহার করে ফেলে তার রোজো শুদ্ধ; তাকে কাযা আদায় করতে হবে না। এ বিষয়ে 50041 নং প্রশ্নোত্তরটি দেখুন।

তাই তুমি যে, ভুলে গিয়ে পানি পান করছে এতে তোমার রোজার কোন ক্ষতি হয়নি। উচিত ছিল তোমার রোজাটি পূর্ণ করা।আর যেহেতু তুমি তোমার মায়ের কথা অনুযায়ী রোজো ভেঙ্গেছে এবং পরবর্তীতে ঐ রোজো কাযা করছে- সুতরাং তুমি তোমার দায়িত্ব পালন করছে। তোমার উপর কোন কাফফারা নেই। কারণ কাফফারা ওয়াজিব হয় কেউ রমজানের দিনের বেলায় স্ত্রী সহবাস করলে। 38074 নং প্রশ্নোত্তরটি দেখতে পার।

আল্লাহই ভাল জানেন।